ঝিনাইদহে অপরিস্কার রাস্তা পরিস্কার করলো সমাজ সেবক আশরাফ

ঝিনাইদহ শহরের পৌর এলাকার ৯ নং ওয়ার্ডের আরাপপুর দুখি মাহমুদ সড়কের একটি রাস্তায় দীর্ঘ দিন যাবত জ্বলাবদ্ধতা, ময়লা ও কাদা ছিলো।

আজ শুক্রবার রাস্তাটি পরিস্কার করলো সমাজ সেবক মোঃ আশরাফুল আলম। এসময় উপস্থিত ছিলেন, ডাঃ মোঃ জসীম উদ্দীন, মোঃ রন্জু মিয়া ও আনারুল্ ইসলামসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।

সমাজ সেবক মোঃ আশরাফুল আলম বলেন, আরাপপুর দুখি মাহমুদ সড়ক একটি জনবহুল এলাকা। কিন্তু জ্বলাবদ্ধ ময়লাও কাঁদার কারনে রাস্তা দিয়ে চলাচল করা খুবই কষ্ট হচ্ছিল। সমস্যাটি সমাধানের জন্য আমি উদ্দ্যোগ নিই। জ্বলাবদ্ধতা, ময়লা ও কাঁদা পরিস্কার করে রাস্তাটি চলাচলের উপযোগী করি। আশা করি, আগামী দিন গুলোতেও সাধারণ মানুষের পাশে থাকতে পারবো।

দর্শনা শহর পরিস্কারে মাঠে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের ছাত্র-ছাত্রীরা

দর্শনায় স্বৈরচার শেখ হাসিনার পতনের পর দুর্বৃত্তরা দর্শনা শহরের সড়কে অগ্নি-সংযোগ ও ভাংচুর করেন। গতকাল সকাল ১০টায় দর্শনা মুজিবনগর সড়কে ভাংচুর ও অগ্নি সংযোগের চিহ্ন পরিস্কার করতে উদ্যোগ নেয় বৈষম বিরোধী ছাত্র আন্দোলনের ছাত্র ও ছাত্রীরা।

সকালে দর্শনা সড়কের আকাশ টাওয়ারের সামনে, পূবার্শা কাউন্টার, দর্শনা পুরাতন বাজার ও দর্শনা থানার সামনে সড়ক পরিস্কার করে।

বৈষম বিরোধী ছাত্র আন্দেলনের সমন্বায়ক আবিদ হাসান রিফাত, সাদমান সাকিব ও অনিকের নেত্রীত্বে লিন্জা, মিতু, মোহিনী, শান্ত, ইসমাইল, তপু, সোহন, ইমন ও কাফি।

এসময় আবিদ হাসান রিফাত বলেন, আমরা কোটা আনন্দোলনে সাথে যেমন ছিলাম তেমনী দেশের সকল জরুরী সময় দেশের মানুষের পাশে থেকে কাজ করে যাবো। এসময় তাদের পাশে থেকে সহযোগিতা করেন, সাংবাদিক মাসুম বিল্লাহ, আওয়াল হোসেন, ইকরামুল হক পিপুল ও মাস্ক দিয়ে সহযোগিতা করেন শিক্ষক জুয়েল ও রাজা।